# ব্রি হাইব্রিড ধান৪

হাইব্রিড ধান চাষ করে
অধিক ফলন তুলব ঘরে

ফ্যাক্ট শীটঃ আমন মৌসুম

## জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান৪ রোপা আমন মৌসুমের জন্য চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত সর্ব প্রথম জাত। ইহার কৌলিক সারি বিআর২৮এইচ।এই জাতটি ২০১০ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে। বন্যামুক্ত এলাকার রোপা আমন চাষের অনুকুল পরিবেশে চাষাবাদের জন্য ব্রি হাইব্রিড ধান৪ নির্বাচন করা যেতে পারে।



ব্রি হাইব্রিড ধান৪

## জাতের বৈশিষ্ট্য

- রোপা আমনের আগাম জাত।
- গাছের উচ্চতা ১১২ সেন্টিমিটার।
- চাল মাঝারি চিকন, স্বচ্ছ ও সাদা।

## জীবনকাল

এর জীবন কাল ১১৮ দিন।

## ফলন

এই জাতের গড় ফলন হেক্টর প্রতি ৬.৫ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপণ :** ১-৩০ আষাঢ় (১৫ জুন -১৫ জুলাই)।
২. **চারা রোপন:** ১-৩০ শ্রাবণ (১৫ জুলাই-১৫ আগষ্ট)।
৩. **বীজের হার:** ১৫-২০ কেজি/হেক্টর (২-২.৫ কেজি/বিঘা)।
৪. **চারার বয়স:** ২৫-৩০ দিন।
৫. **রোপণ দুরত্ব:** ২০ x ১৫ সেমি।
৬. **প্রতি গোছায় চারা:** ১-২টি।
৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

| | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিংক |
|---|---|---|---|---|---|
| ৭.১ মোট সার | ২১ | ১৩ | ৯ | ৮ | ১.২৫ |

৭.২ ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপনের ১৫-২০ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপণের ৩০-৩৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া সার প্রয়োগ করাই উত্তম।

৮. **আগাছা দমন:** রোপণের পর অন্তত ৩০-৩৫ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৯. **সেচ ব্যবস্থাপনা:** ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমান পানি বা রসের ব্যবস্থা রাখতে হবে।

১০. **রোগবালাই দমন:** রোগ ও পোকার জন্য অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

১১. **ফসল পাকা ও কাটা:** ২৫-৩০ আশ্বিন (১০-১৫ অক্টোবর)। সাধারণত ৮০% পেকে গেলে ধান কাটতে হবে।

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষনা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd